কেন্ট যুবদলের সম্মেলন সম্পন্ন

সীমান্তের কাটাতারে ফেলানীর ঝুলন্ত লাশ গোটা বাংলাদেশের প্রতিচ্ছবি------- *এনামুল হক লিটন*

জাতীয়তাবাদী যুবদল কেন্ট শাখার সম্মেলন গত ১৩ জানুয়ারী মেইডস্টোনের একটি অভিজাত হোটেলে অনুষ্ঠিত হয়একন্ট যুবদলের আহ্বায়ক জিতু জায়গীরদার এর সভাপতিত্বে ও যুগ্ম আহ্বায়ক আব্দুল হান্নান শামীম এর পরিচালনায় অনুষ্ঠিত সম্মেলনে প্রধান অতিথির বক্তব্য রাখেন জাতীয়তাবাদী যুবদল কেন্দ্রীয় নির্বাহী কমিটির সহ আন্তর্জাতিক সম্পাদক এনামুল হক লিটন। সম্মেলনের উদ্বোধক ও প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন জাতীয়তাবাদী যুবদল যুক্তরাজ্য মাখার সভাপতি নাসিম আহমদ চৌধুরী। বিশেষ বক্তার বক্তব্য রাখেন যুক্তরাজ্য যুবদলের সিনিয়র সহ সভাপতি মনজুর অশরাফ খান।

প্রধান অতিথির বক্তব্যে এনামুল হক লিটন বলেন, বর্তমান সরকারের দুঃশাসনে সারাদেশ আজ মৃত্যু উপত্যকায় পরিণত হয়েছে। দুঃশাসনের এই ভয়াবহ অবস্থা জাতিকে ৭২-৭৫ সালের কথা স্মরণ করিয়ে দেয়। সরকারের নতজানু পররাষ্ট্রনীতির কারণে সীমান্তে ভারতীয় বাহিনীর হাতে প্রতিদিনই বাংলাদেশের নিরীহ নাগরিক নিহত হচ্ছে। ফেলানী নামক কিশোরী মেয়েটির সীমান্তের কাটাতারে ঝুলন্ত লাশ আজ গোটা বাংলাদেশের প্রতিচ্ছবি। আমাদের প্রাণপ্রিয় মাতৃভূমির এই ক্রান্তিকালিন সময়ে আর ঘরে বসে থাকার সুযোগ নেই।

প্রধান বক্তার বক্তব্যে নাসিম আহমদ চৌধুরী বলেন, দুঃশাসনের বিরুদ্ধে দেশে-বিদেশে যুব সমাজের ঐক্য আজ সময়ের দাবী। এই সরকারের সকল অন্যায় অত্যাচার আর অবিচার আর নির্যাতনের বিরুদ্ধে যুক্তরাজ্য যুবদল আন্তর্জাতিক পরিসরে আন্দোলন চালিয়ে যাবে।

সভায় আরো বক্তব্য রাখেন, বিশ্বনাথ থানা ছাত্রদলের সাবেক সাধারণ সম্পাদক ও যুক্তরাজ্য যুবদল নেতা আফজাল হোসেন, ছাতক থানা ছাত্রদলের সাবেক সাংগঠনিক সম্পাদক ও যুক্তরাজ্য যুবদল নেতা এজে লিমন, নর্থ লন্ডন যুবদলের যুগ্ম আহ্বায়ক ওয়াসিমুজ্জামান মানিক, লন্ডন মহানগর যুবদলের প্রচার সম্পাদক টিপু আহমদ, যুবদল নেতা খিদির আহমদ, যুবদল নেতা ইকবাল হোসেন, আব্দুল আহাদ, কেন্ট যুবদলের যুগ্ম আহ্বায়ক জসিম উদ্দিন রিপন, গোলাম সারওয়ার, মিজানুর রহমান, বিপ্লব রায় মোর্শেদ আহমদ আবু জাফর সুমন প্রমুখ।

শহীদ রাষ্ট্রপতি জিয়াউর জন্মবার্ষিকীতে স্বেচ্ছাসেবক দলের আলোচনা সভা

গত ১৯ জানুয়ারী বৃহস্পতিবার সন্ধ্যা ৭টার সময় ইষ্ট লন্ডনের ক্যান ষ্ট্রীটে বাংলাদেশ জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দল যুক্তরাজ্য শাখার উদ্যোগে স্বাধীনতার ঘোষক বহুদলীয় গণতন্ত্রের প্রবর্তক বাংলাদেশী জাতীয়তাবাদের প্রবক্তা এবং বিএনপির প্রতিষ্ঠাতা শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৭৬তম জন্ম বার্ষিকী উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়। জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দল যুক্তরাজ্য মাখার সভাপতি মোঃ আব্দুল মুকিত এর সভাপতিত্বে এবং ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক অঅশরাফ গাজীর পরিচালনায় উক্ত সভায় প্রধান আলোচক হিসাবে বক্তব্য রাখেন যুক্তরাজ্য বিএনপির সহসভাপতি শাহ আখতার হোসেন টুটুল। অন্যঅন্যের মধ্যে আলোচনায় অংশগ্রহণ করেন বিএনপি নেতা অআবেদ রাজা, ইকবাল হোসেন, এমাদুর রহমান এমা, কামাল উদ্দিন, সেলিম আহমদ, কমর আলী, সুলতান আহমদ প্রমুখ।

সভার প্রধান আলোচক শাহ আখতার হোসনে টুটুল তার বক্তব্যে বলেন, শহীদ জিয়া আধুনিক বাংলাদেশ গঠনের লক্ষ্যে বাংলাদেশী জাতীয়তাবাদ ও ইসলামী মূল্যবোধ আদর্শের ভিত্তিতে বিএনপি গঠনের মধ্য দিয়ে দেশে উন্নয়ন ও উৎপাদনের রাজনীতি শুরু করেন। তার ১৯ দফা কর্মসূচী জনগণ গ্রহণ করেছিল। ১৯৭১ সালে শহীদ জিয়ার স্বাধীনতার ঘোষণা যেমন এ দেশের মুক্তিকামী মানুষকে মুক্তিযুদ্ধে ঝাপিয়ে পড়তে সাহস যুগিয়েছিল। ঠিক ১৯৭৫ সালে দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব যখন হুমকির মুখে তখন দেশ প্রেমিক সিপাহী জনতার ঐতিহাসিক বিপ্লবের মাধ্যমে কার্যত তিনি ক্ষমতার কেন্দ্র বিন্দতে আসীন হন।

সভাপতির বক্তব্যে আব্দুল মুকিত বলেন, শহীদ জিয়া ক্ষমতায় এসে একদলীয় বাকশাল বিলুপ্ত করে বহুদলীয় গণতন্ত্র প্রতিষ্ঠা করেন। সংবাদপত্রের স্বাধীনতাকে তিনি ফিরিয়ে দেন। অন্যান্য বক্তারা বলেন, শহীদ জিয়া ছিলেন সত্যিকার অর্থে একজন খাটি দেশপ্রেমিক।

তার প্রতিষ্ঠিত দল বিএনপি সময়ের পরীক্ষায় উত্তীর্ণ হয়ে সর্ববৃহৎ রাজনৈতিক দল হিসাবে জনগণের ভোটে ৫ বার রাষ্ট্রীয় ক্ষমতায় অধিষ্ঠিত হয়েছে।

তারা শহীদ জিয়াউর রহমান এর আত্মার মাগফেরাত কামনা করেন।

জীবনের জলছবি পাঠক ফোরাম এর কেন্দ্রীয় কমিটি গঠিত

'জীবনের জলছবি'র পাঠকদের সমন্বয়ে এবার লন্ডনে জীবনের জলছবি পাঠক ফোরাম এর কেন্দ্রীয় কমিটি গঠিত হলো। সেন্টালবান্স, লুটন, প্লেমাউথ, স্কটল্যান্ড-এ শাখা কমিটি গঠিত হবার পর এবারে লন্ডনে গঠিত হলো 'কেন্দ্রীয় কমিটি'। কেন্দ্রীয় কমিটি গঠনের লক্ষ্যে গত ২৫ ডিসেম্বর পূর্ব লন্ডনের একটি রেস্টুরেন্টে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন নাজমুল হক সারোয়ার এবং সভা পরিচালনা করেন মুহিবুর রহমান মতিক।

কেন্দ্রীয় কমিটি গঠনের প্রাক্কালে আলোচনা সভায় বক্তাগণ বলেন, সাপ্তাহিক জনমত এ প্রকাশিত সিদ্দিকুর রহমান নির্ঝর এর নিয়মিত কলাম 'জীবনের জলছবি'কে কেন্দ্র করে যুক্তরাজ্যে বা বাংলাদেশে সম্ভবত এই প্রথমবারের মতো কেন্দ্রীয় কমিটিসহ অনেকগুলো সিটিতে পাঠক ফোরাম গঠিত হলো। ইতোমধ্যে পাঠক ফোরামের উদ্দেশ্য ও আদর্শ নিয়ে ফোরামের সদস্যগণ মিলে যৌথভাবে একটা খসড়া সংবিধানও তৈরি করেছেন। সভায় 'খসড়া সংবিধান' নিয়েও পর্যালোচনা করা হয়। বক্তাগণ বলেন, আমাদের এ সংগঠন অন্য দশটা সংগঠনের মতো গতানুগতিক কোন সংগঠন নয়। এ ফোরাম একটি অরাজনৈতিক সংগঠন। সকলেরই নানাবিধ লক্ষ্য ও উদ্দেশ্য থাকে। বক্তারা বলেন, এ পাঠক ফোরাম গড়ে তোলার পেছনে আমাদের কিছু মহৎ উদ্দেশ্য ও লক্ষ্য আছে। সে লক্ষ্য ও উদ্দেশ্যগুলো হচ্ছে, একটি জ্ঞানভিত্তিক সমাজ বিনির্মানে সহায়তা করা, জ্ঞান চর্চার মাধ্যমে একজন সাধারণ শ্রেণীর মানুষকে আরো খাঁটি ও উদার মানুষে পরিণত করতে সহায়তা করা, অকর্ষিত ও মেধাহীন কাজে সময় নষ্ট না করে সৃজনশীল কাজের দিকে মানুষকে উদ্বুদ্ধ করা, বিলাতের মাটিতে একদল প্রাণবন্ত, উদারমনা, রুচিশীল, মেধাবী, ও সাদা মনের মানুষ তৈরিতে সহায়তা করা। এ সংগঠনের আরো লক্ষ্য হচ্ছে সামাজিক কর্মকান্ড, সাহিত্য চর্চা ইত্যাদির মাধ্যমে মানুষের দৃষ্টিভঙ্গির পরিবর্তন, সৃজনশীল অথচ দুঃস্থ মানুষের পাশে দাঁড়ানো, নেতিবাচক দৃষ্টিভঙ্গিকে ইতিবাচক দৃস্টিভঙ্গিতে রূপান্তর প্রভৃতি। আলোচনা সভায় নেতৃবৃন্দ আরো বলেন, পাঠক ফোরামের প্রতিটি শাখা বা কেন্দ্রীয় কমিটি স্বয়ংসম্পূর্ণ। কেন্দ্রীয় কমিটির কাছে কোন 'শাখা কমিটি'র কোন ধরনের জবাবদিহি করা লাগবে না। তবে কেন্দ্রীয় কমিটি সব শাখা কমিটিকে উন্নয়মূলক কাজে পরামর্শ দিতে পারবে। দল-মত নির্বিশেষে 'জীবনের জলছবি'র পাঠকদের মধ্যে যে কেউ নিজ নিজ এলাকার নিকটস্থ শাখায় এবং বৃহত্তর লন্ডনে বসবাসরত পাঠকগণ কেন্দ্রীয় কমিটিতে সদস্য পদ লাভ করতে পারবেন। সংগঠনকে মেধা ও মনন বিকাশের একটা লালন ক্ষেত্র হিসাবে গড়ে তুলতে নেতৃবৃন্দ বদ্ধপরিকর বলে মত প্রকাশ করেন।

বক্তারা আরো বলেন, 'জীবনের জলছবি' কলাম একটি ব্যতিক্রমর্ধী কলাম। এ কলামে গতানুগতিক লেখার বাইরে বিভিন্ন বৈচিত্রধর্মী লেখা প্রকাশিত হয়। প্রতিটি লেখাই গবেষণাধর্মী। এর ফলে মানুষের চিন্তা চেতনায় নতুন কিছু ভাবনার খোরাক যোগায়। সংবাদপত্রে আসলে পাঠকরা ভিন্ন স্বাদের লেখা চান। কারণ ঘুরেফিরে একই ধারার রাজনৈতিক কলাম পড়তে পড়তে আমরা এখন একেবারে বিতশ্রদ্ধ। 'জীবনের জলছবি'র প্রতিটি লেখা দিক নির্দেশনামূলক। এ কলাম মানুষকে নতুন করে ভাবতে অনুপ্রাণিত করে। তাই আমরা এ কলাম পড়ার পাশাপাশি অন্যান্য সৃজনশীল লেখা পঠন-পাঠনের জন্য এ পাঠক ফোরাম গড়ে তুলেছি। পরবর্তী সভায় 'উপদেষ্টা পরিষদ' গঠন করা হবে বলে সিদ্ধান্ত নেওয়া হয়। পরে সর্বসম্মতিক্রমে কেন্দ্রীয় কমিটির কর্মকর্তাদের নাম ঘোষণা করা হয়।

সভাপতিঃ নাজমুল হক সারোয়ার, সিনিয়র সহসভাপতিঃ কেফায়েত হোসেন জুবের, সহ-সভাপতিঃ সালিক আহমদ, সহ-সভাপতিঃ কামাল উদ্দিন, সাধারণ সম্পাদকঃ মুহিবুর রহমান মতিক, সহ-সাধারণ সম্পাদকঃ আব্দুল কালাম, ট্রেজারারঃ সুহেল আহমদ স্বপন, সাংগঠনিক সম্পাদকঃ জাহিদুল আলম, সহ-সাংগঠনিক সম্পাদকঃ মুজিবুল হক, মহিলা বিষয়ক সম্পাদিকাঃ রেবেকা রেবা, সাহিত্য সম্পাদকঃ মনসুর আহমদ মজনু, ক্রীড়া সম্পাদকঃ সামছুল ইসলাম শামীম, সহ-ক্রীড়া সম্পাদকঃ মামুনুর রশীদ, প্রচার ও প্রকাশনা সম্পাদকঃ ছাদ উদ্দিন, সহ-প্রচার ও প্রকাশনা সম্পাদকঃ লায়েক আহমদ, ধর্ম বিষয়ক সম্পাদকঃ মাওলানা জামিল আহমদ, সহ ধর্ম বিষয়ক সম্পাদকঃ মাওলানা মিসবাহ উদ্দিন।

নির্বাহী সদস্যঃ আমিনুর রহমান বাবলু, মোহাম্মদ সানা-উল গাজী, সৈয়দ লুৎফুর রহমান, এনাম আহমেদ চৌধুরী, ওয়াহিদ জালাল, গয়াস উদ্দিন, আখতার হোসেন চৌধুরী, সলিসিটর এম এম হোসাইন মহীন, আব্দুল কুদ্দুছ লাভলু, কামরুল ইসলাম, আব্দুল হান্নান, জাকির হোসেন, বিলাল আহমদ, আব্দুল মুক্তাদীর, আব্দুর রব, আলমগীর হোসেন, এম এ মুহিত, মঞ্জুর আহমদ, আলী হোসেন ও কবির আহমদ।

বাংলাদেশ খেলাফত মজলিস লন্ডন মহানগরীর কর্মী সমাবেশ

ইসলামী আন্দোলনের জন্য আমাদেরকে আরও ত্যাগ ও কোরবানীর নাজরানা পেশ করতে হবে- মাওলানা গোলাম কিবরিয়া

বাংলাদেশ খেলাফত মজলিস লন্ডন মহানগরী শাখার এক কর্মী সম্মেলন মাখা সভাপতি মাওলানা শাহনুর মিয়া ও সাধারণ সম্পাদক মাওলানা মুসলেহ উদ্দিনের পরিচালনায় স্টাটফোর্ডস্থ খিদমাহ একাডেমীতে অনুষ্ঠিত হয়। সভার শুরুতে কোরঅঅন তেলাওয়াত করেন হাফিজ আঃ কাদির। কর্মী সম্মেলনে প্রধান অতিথি যুক্তরাজ্য শাখার সভাপতি মাওলানা গোলাম কিবরিয়া ও বিশেষ অতিথি যুক্তরাজ্য শাখার সহ সাধারণ সম্পাদক আলহাজ্ব আতাউর রহমান, ইসলামী ছাত্র মজলিসের সাবেক কেন্দ্রীয় সভাপতি মাওলানা সালেহ আহমদ যুক্তরাজ্য শাখার সমাজ কল্যাণ সম্পাদক মাওলানা শরীফ আহমদ ও যুক্তরাজ্য মাখার বায়তুল মাল সম্পাদক মাওলানা নাজিম উদ্দিন যুক্তরাজ্য শাখার সহ সাংগঠনিক সম্পাদক মাওলানা লুৎফুর রহমান।

প্রধান অতিথিধর বক্তব্যে মাওলানা গোলাম কিবরিয়া বলেন, ইসলামী আন্দোলনের কাজকে বেগবান করার জন্য আমাদেরকে আরও ত্যাগ ও কোরবানীর নাজরানা পেশ করতে হবে। বাংলাদেশ খেলাফত মজলিসের নেতৃত্বে টিপাইমুখ অভিমুখী যে ঐতিহাসিক গণপদযাত্রা হয়েছে তা যুগ যুগ ধরে ইতিহাসে লিপিবদ্ধ থাকবে।

কর্মী সমাবেশে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন মাওলানা আজিজুর রহমান, মাওলানা আবু সাইদ মাওলানা আব্দুল কাদির, মাওলানা আব্দুল আজিজ, মাওলানা আল আমীন মাওলানা জামিল আনসারী।

দারুল হাদীস লাতিফিয়ার স্টুডেন্ট কাউন্সিলের উদ্দোগে

আল্লামা ছাহেব কিবলাহ ফুলতলীর ৪র্থ বার্ষিক ঈসালে সওয়াব মাহফিল

গত ১৮ জানুয়ারী বুধবার, লন্ডনস্থ দারুল হাদীস লাতিফিয়ার স্টুডেন্ট কাউন্সিল এর উদ্দোগে অত্র প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা আল্লামা আবদুল লতীফ চৌধুরী ছাহেব কিবলাহ ফুলতলী রাহমাতুল্লাহি আলাইহির ৪র্থ বার্ষিক ঈসালে সওয়াব মাহফিল অনুষ্ঠিত হয়। প্রতিষ্ঠানের হল রুমে অনুষ্ঠিত মাহফিলে সভাপতিত্ব করেন স্টুডেন্ট কাউন্সিল এর সভাপতি মাওলানা মুশাররফ হোসেইন ইমরান এবং মাহফিল পরিচালনা করেন যথাক্রমে সাহেল হুসাইন খান- ইয়ার ইলেভেন ও আবতাহী খায়ের- ইয়ার টেন।

শুরুতে কালামে পাক থেকে তিলাওয়াত করেন ইয়ার এইট এর ছাত্র মুহাম্মাদ আবদুর রহমান আবিদ। তারপর 'শানে ফুলতলী' গজল পরিবেশন করেন শাহ আলী- ইয়ার নাইন, ইলিয়াছুর রহমান- ইয়ার এইট ও আদিল ইসলাম- ইয়ার সেভেন।

স্টুডেন্টদের মধ্যে বক্তব্য রাখেন যথাক্রমে মুমিনুর রাজা ইয়ামেনী- ইয়ার সেভেন, আবদুস সামাদ শহীদ- ইয়ার টেন, আমজাদ হোসেন- ইয়ার টেন, সৈয়দ মাহমূদ হোসেইন- আলিম ফার্স্ট ইয়ার ও মুহিব মুহাম্মাদ আল কাসিম- কামিল ফার্স্ট ইয়ার।

শিক্ষকদের মধ্যে বক্তব্য রাখেন সর্বজনাব ভাইস প্রিন্সিপাল মাওলানা আবদুল কাহহার, মাওলানা শিহাব উদ্দিন (মুহাদ্দিস) ও মাওলানা আশরাফুর রহমান (মুহাদ্দিস)। শেষ পর্বে মীলাদ শরীফ পাঠ করা হয়, এতে অংশগ্রহণ করেন হাফিয মাওলানা আনহার আহমাদ ও মুহিব মুহাম্মাদ আল কাসিম।

এদিকে হযরত ছাহেব কিবলাহ ফুলতলী রাহমাতুল্লাহি আলাইহির জীবনীর উপর রচনা প্রতিযোগিতার বিশেষ আয়োজন করা হয় এতে অত্র প্রতিষ্ঠানের ছাত্ররা যথাযথ অংশগ্রহণ করেন। এতে প্রথম স্থান অধিকার করেন আমজাদ হোসেন- ইয়ার টেন। অন্যান্য বিজয়ীরা হচ্ছেন যথাক্রমে- মুহাম্মাদ কালাম- ইয়ার টেন, আবতাহি খায়ের- ইয়ার টেন, আবদুস সামাদ শাহিদ- ইয়ার টেন, রেজওয়ান আহমদ- ইয়ার সেভেন ও নাজমুল ইসলাম- ইয়ার সেভেন। মাহফিলের শেষপর্বে বিজয়ী প্রতিযোগীদেরকে পুরস্কার প্রদান করা হয়।

মাহফিলে শিক্ষকদের মধ্যে উপস্থিত ছিলেন সর্বজনাব প্রিন্সিপাল মাওলানা মুহাম্মাদ হাসান চৌধুরী ফুলতলী, হাফিজ মাওলানা আবদুল জলীল, মাওলানা মুফতী ইলিয়াছ হোসেইন, মাওলানা সিদ্দীকুর রহমান চৌধুরী, মাওলানা আবদুল আউয়াল হেলাল, মাওলানা কামাল হোসেন, মাওলানা ইসমাঈল আলী, মিঃ নাজমুল হক, মিঃ জ্যকব, মিঃ মাজেদ খান ও গভর্ণিং বডির ট্রেজারার মিঃ বদরুল ইসলাম প্রমুখ।

জালালাবাদ জামে মসজিদ লুটনে আল্লামা ফুলতলী ছাহেব কিবলার (রঃ) ঈসালে সওয়াব মাহফিল অনুষ্ঠিত

গত ১৫ জানুয়ারী রবিবার বাদ মাগরিব থেকে এশা পর্যন্ত জালালাবাদ জামে মসজিদ লুটনে আল্লামা ফুলতলী ছাহেব কিবলাহর (রঃ) জীবনীর উপর দিক নির্দেশনামূলক আলোচনা পেশ করেন মসজিদের খতিব ও ইমামদ্বয় হাফিজ মাওলানা আবুল কালাম অঅজাদ, মাওলানা আবু ছালেহ মুহাম্মদ মামুন ও মাওলানা শেখ অআব্দুল মুকিত।

মসজিদ কমিটির সভাপতি আলহাজ্ব সাজ্জাদুর রহমান আলা মিয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন হাজী মোঃ আব্দুল কাদির, হাজী মোঃ আবুল কাশে, হাজী ছোয়াব আলী, হাজী আব্বাস উদ্দিন, হাজী ইসকন্দর আলি, হাজী আবুল লেইছ, হাজী আব্দুল মন্নান, হাজী আব্দুল মছব্বির, হাজী আব্দুল মতিন, হাজী বদর উদ্দিন চৌধুরী, হাজী ওয়ারিছ খান, হাজী আব্দুল জব্বার, হাজী আব্দুল্লাহ, গাজী মুহিবুর রহমান, হাজী শফিক মিয়া, হাজী শরীফ উদ্দিন প্রমুখ।

মোঃ শিহাব উদ্দিনের কোরআন তেলাওয়াত ও মাহমুদ গাজীর গজল পরিবেশন এর মধ্য দিয়ে অনুষ্ঠিত মাহফিল মিলাদ ও ছাহেব কিবলাহর (রঃ) মর্যাদা বুলন্দীর জন্য আখেরী মুনাজাতের মাধ্যমে সমাপ্তি হয়।

সিলেট সিটি ক্লাবের সভা

গত ২৩ জানুয়ারী, সোমবার সিলেট সিটি ক্লাব বেথনাল গ্রীণ মন্টেফরি সেন্টারে এক সভার আয়োজন করে। সভায় ক্লাবের সম্মানিত প্রেসিডেন্ট সামসুজ্জামান শাবুল এর সভাপতিত্বে আতিকুর রহমান চৌধুরীর পরিচালনায় ক্লাবের ভবিষ্যৎ পরিকল্পনা এবং ক্লাবের বিভিন্ন গুরুত্বপূর্ণ সংবিধান সমূহ নিয়ে আলোচনা করা হয়। সভায় অন্যান্য সদস্যদের সাথে আরো উপস্থিত ছিলেন বদরুল আলম খান পাপ্পু, সেরিম হোসেন, জাকির হোসনে, মাসুক হোসেন, জহীর চৌধুরী, জোবায়ের আহমদ, আতিকুর রহমান প্রমুখ।

সাপ্তাহিক বাংলাদেশে বিজ্ঞাপন দিতে যোগাযোগ করুন
020 7422 0006